

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার  
জেলা খাদ্য নিয়ন্ত্রকের কার্যালয়, চাঁপাইনবাবগঞ্জ।

www.dgfood.gov.bd  
http://food.chapainawabganj.gov.bd

স্মারক নং -১৩.০১.৭০০০.০০৫.৪৯.০০২.২০.২৯২৩

তারিখ : ০৫/০৮/২০২০ খ্রিঃ

“দরপত্র বিজ্ঞপ্তি”

এতদ্বারা খাদ্য মন্ত্রণালয়ের আওতাধীন জেলা খাদ্য নিয়ন্ত্রকের কার্যালয়, চাঁপাইনবাবগঞ্জের অধীনে খাদ্য শস্য, খালি বস্তা, ত্রাণ সামগ্রী এবং অন্যান্য সামগ্রী সড়ক পথে এক এলএসডি/কেন্দ্র হতে অন্য এলএসডি/কেন্দ্রে পরিবহনের জন্য ২০২০-২০২১ অর্থ বছরের অবশিষ্ট সময় ও ২০২১-২০২২ অর্থ বছরের জন্য অভ্যন্তরীণ সড়ক পরিবহন ঠিকাদার নিয়োগের নিমিত্ত আত্মহী ব্যক্তি/প্রতিষ্ঠান/ঠিকাদারদের নিকট হতে বর্ণিত শর্ত সাপেক্ষে সীলমোহরকৃত খামে দরপত্র আহ্বান করা যাচ্ছে।

০১।	মন্ত্রণালয়/বিভাগ	ঃ	খাদ্য মন্ত্রণালয়।
০২।	সংগ্রাহক সত্তা	ঃ	জেলা খাদ্য নিয়ন্ত্রক, চাঁপাইনবাবগঞ্জ।
০৩।	দরপত্র আহ্বানকারী দপ্তর	ঃ	জেলা খাদ্য নিয়ন্ত্রকের কার্যালয়, চাঁপাইনবাবগঞ্জ।
০৪।	দরপত্র বিজ্ঞপ্তি নং ও তারিখ	ঃ	১৩.০১.৭০০০.০০৫.৪৯.০০২.২০.২৯২৩, তাং-০৫/০৮/২০২০ খ্রি.।
০৫।	কাজের নাম	ঃ	খাদ্যশস্য, খালিবস্তা, ত্রাণ সামগ্রী এবং অন্যান্য সামগ্রী সড়ক পথে চাঁপাইনবাবগঞ্জ জেলার অভ্যন্তরে নির্ধারিত রুটে পরিবহন কাজ।
০৬।	কাজের পরিমাণ	ঃ	সরকারের যখন যেমন প্রয়োজন হয়।
০৭।	কাজের সময়কাল	ঃ	২০২০-২০২১ অর্থ বছরের অবশিষ্ট সময় ও ২০২১-২০২২ অর্থ বছর।
০৮।	দরপত্রের পদ্ধতি	ঃ	উন্মুক্ত দরপত্র পদ্ধতি।
০৯।	দরপত্র তফসিল মূল্য (প্রতি সেট)	ঃ	৫০০/- (পাঁচশত) টাকা। চালান জমা দেয়ার কোড নং- ১/৪৮৩১/০০০১/২৩৬৬।
১০।	টেন্ডার সিকিউরিটি(বায়না)	ঃ	৫,০০০/- (পাঁচ হাজার) টাকা।
১১।	পারফরমেন্স সিকিউরিটি	ঃ	২৫,০০০/- (পঁচিশ হাজার) টাকা (চুক্তি করার পূর্বে দিতে হবে)।
১২।	পরিবহনতব্য পণ্যের নিরাপত্তা জামানত (ফেরতযোগ্য)	ঃ	৫০,০০০/- (পঞ্চাশ হাজার) টাকা (পরিবহন সূচী দেয়ার পূর্বে দিতে হবে)।
১৩।	বাজেট এবং তহবিলের উৎস	ঃ	রাজস্ব বাজেট, গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার।
১৪।	দরপত্র দাতার অভিজ্ঞতা	ঃ	সড়ক পথে পরিবহন কাজে ২(দুই) বছরের অভিজ্ঞতা থাকতে হবে। এরূপ অভিজ্ঞতার ক্ষেত্রে সড়ক পথে সাধারণ পরিবহন কাজে ১(এক) বছরের এবং খাদ্য বিভাগীয় পরিবহন কাজে ১(এক) বছরের অথবা খাদ্য বিভাগীয় সাধারণ পরিবহন কাজে ২(দুই) বছরের অভিজ্ঞতা থাকতে হবে।
১৫।	দরপত্র বিক্রয়/প্রাপ্তি স্থান	ঃ	আঞ্চলিক খাদ্য নিয়ন্ত্রকের কার্যালয়, রাজশাহী বিভাগ, রাজশাহী/ জেলা খাদ্য নিয়ন্ত্রকের কার্যালয়, চাঁপাইনবাবগঞ্জ।
১৬।	দরপত্র বিক্রয়ের শেষ তারিখ	ঃ	২০/০৮/২০২০ খ্রি. তারিখ দুপুর ২.০০ ঘটিকা পর্যন্ত।
১৭।	দরপত্র গ্রহণের তারিখ ও সময়	ঃ	২৩/০৮/২০২০ খ্রিঃ তারিখ সকাল ৯টা হতে দুপুর ১.০০ ঘটিকা পর্যন্ত।
১৮।	দরপত্র গ্রহণের স্থান	ঃ	আঞ্চলিক খাদ্য নিয়ন্ত্রকের কার্যালয়, রাজশাহী / জেলা প্রশাসকের কার্যালয়, চাঁপাইনবাবগঞ্জ/ জেলা খাদ্য নিয়ন্ত্রকের কার্যালয়, চাঁপাইনবাবগঞ্জে রক্ষিত দরপত্র বক্স।
১৯।	দরপত্র খোলার তারিখ, সময় ও স্থান	ঃ	২৪/০৮/২০২০ খ্রিঃ তারিখ সকাল ১১.০০ ঘটিকায় জেলা খাদ্য নিয়ন্ত্রকের কার্যালয়, চাঁপাইনবাবগঞ্জে দরপত্রের যোগ্যতা বিষয়ক প্রস্তাব খোলা হবে। যোগ্যতা বিষয়ক প্রস্তাব সন্তোষজনক (Responsive) বিবেচিত হলে ঠিকাদারের আর্থিক প্রস্তাব খোলা হবে।
২০।	দরপত্রের মেয়াদ	ঃ	দরপত্র খোলার তারিখ হতে ১২০(একশত বিশ) দিন পর্যন্ত মেয়াদ বলবৎ থাকবে।
২১।	দরপত্র দাখিলের নিয়মাবলী	ঃ	দুই খাম পদ্ধতিতে উন্মুক্ত দরপত্র।
২২।	দরপত্র সভার স্থান	ঃ	জেলা খাদ্য নিয়ন্ত্রকের কার্যালয়, চাঁপাইনবাবগঞ্জ।
২৩।	দরপত্র সম্পর্কিত তথ্য/বিস্তারিত দরপত্র বিজ্ঞপ্তি জানার জন্য	ঃ	কম্পিউটার শাখা/নোটিশ বোর্ড, জেলা খাদ্য নিয়ন্ত্রকের কার্যালয়, চাঁপাইনবাবগঞ্জ।
২৪।	দরপত্র আহ্বানকারী কর্মকর্তার নাম, ও পদবী	ঃ	অস্তুরা মল্লিক, সহকারী খাদ্য নিয়ন্ত্রক, চাঁপাইনবাবগঞ্জ ও আহরণ ও ব্যয়ন কর্মকর্তার দায়িত্বপ্রাপ্ত, জেলা খাদ্য নিয়ন্ত্রকের কার্যালয়, চাঁপাইনবাবগঞ্জ।
২৫।	এ দরপত্র পাবলিক প্রকিউরমেন্ট আইন, ২০০৬ ও পাবলিক প্রকিউরমেন্ট বিধিমালা, ২০০৮ এবং এতদ্বীয় সংশোধনী অনুযায়ী পরিচালিত হবে এবং কোন কারণ দর্শানো ব্যতিরেকে সংগ্রাহক সত্তা এ নোটিশ বাতিল বা পরিবর্তন এবং যেকোন বা সকল দরপত্র গ্রহণ/প্রত্যাখ্যান/ বাতিল করার ক্ষমতা সংরক্ষণ করেন।		

(অস্তুরা মল্লিক)

সহকারী খাদ্য নিয়ন্ত্রক, চাঁপাইনবাবগঞ্জ

ও

আহরণ ও ব্যয়ন কর্মকর্তার দায়িত্বপ্রাপ্ত

জেলা খাদ্য নিয়ন্ত্রকের কার্যালয়, চাঁপাইনবাবগঞ্জ

ও সভাপতি

জেলা দরপত্র মূল্যায়ন কমিটি (খাদ্য)

চাঁপাই নবাবগঞ্জ।

ফোনঃ ০৭৮১-৫২৪৭৩।

চলমান পাতা-২